গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২৩০

**রাজশাহী'তে কেন্দ্রীয় ঈদগাহে প্রধান ঈদের জামাত সকাল আট ঘটিকায় অনুষ্ঠিত হবে**

রাজশাহী, ০৫ চৈত্র (১৯মার্চ) :

পবিত্র রমজান মাসের সিয়াম সাধনার পর ধর্ম প্রাণ মুসলমানদের জন্য খুশির বার্তা নিয়ে আসে ঈদ-উল-ফিতর। যথাযোগ্য মর্যাদা ও আনন্দ মুখর পরিবেশে ঈদ-উল-ফিতর উদযাপন উপলক্ষে রাজশাহী'তে হযরত শাহ্ মখদুম রূপোশ (রঃ) কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে ঈদের প্রধান জামাত সকাল আট ঘটিকায় অনুষ্ঠিত হবে। আবহাওয়া অনুকূলে না থাকলে ২য় ভেন্যু হিসেবে হযরত শাহ্ মখদুম রূপোশ (রঃ) দরগাহ জামে মসজিদে ঈদের জামাত অনুষ্ঠিত হবে।

পবিত্র ঈদ-উল-ফিতরের নামাজ শুরুর পূর্বে উপস্থিত মুসল্লীদের সাথে শুভেচ্ছা বিনিময় করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমিমন্ত্রী মো. মিজানুর রহমান মিনু এবং বিভাগীয় কমিশনার ড. আ. ন. ম. বজলুর রশীদ।

........................................................

আতিক/তৌহিদ/২০২৬/১২.০০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd